মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ২২-০৩-২০২০ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | রিয়ার এডমিরাল শেখ মোঃ আবুল কালাম আজাদ, বিএন, চেয়ারম্যান। |
| তারিখ | : | ২২-০৩-২০২০ খ্রিঃ। |
| সময় | : | ১২.০০ ঘটিকা। |
| স্থান | : | মবক'র সভা কক্ষ। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ২৪-০২-২০২০ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বাস / মিনিবাস / কোস্টার ক্রয় প্রসঙ্গে। | ক) ৬৯ লক্ষ টাকায় মিনিবাস / কোস্টার ক্রয়ের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>খ) কর্মচারীদের জন্য গাড়ী ক্রয়ের পদক্ষেপ নিতে হবে। সংশোধিত বাজেটে দুই কোটি টাকা বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়েছে। | ক) এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ) কর্মচারীদের জন্য মিনিবাস ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা এবং প্রধান প্রকৌঃ (যাঃওতঃ) |
| ২. | অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস প্রসঙ্গে। | অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষে গত ১২/০৩/২০২০ তারিখে নৌপম এর যুগ্মসচিব (অডিট) মহোদয়ের সভাপতিত্বে মবক'র সভাকক্ষে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বেশিরভাগ অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। আলোচনা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র নৌপম এ প্রেরণ করা হয়েছে। শীঘ্রই অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির তালিকা পাওয়া যাবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখবেন। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| ৩. | মবক'র অফিস ও আবাসিক এলাকা পরিস্কার পরিচ্ছন্নতা প্রসঙ্গে। | আবাসিক এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতা ও সার্বিক বিষয়ে মনিটরিং করার জন্য গত ২৭-০২-২০২০ তারিখে দুই আবাসিকের জন্য দুটি পৃথক কমিটি গঠন করে পত্র প্রেরণ করা হয়েছে। | আবাসিক এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং প্রতিবেদন প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন), সভাপতি / সাধারণ সম্পাদক, সিবিএ |
| ৪. | পরিত্যক্ত ভবনের তালিকা প্রস্তুত প্রসঙ্গে। | পুরাতন মোংলার পরিত্যাক্ত ভবনগুলোর সংরক্ষিত মূল্য নির্ধারণের জন্য কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল করা হয়েছে। | প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী দ্রুত নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৫. | মবক'র পতিত জমি লীজ প্রদান | এ বিষয়ে সিবিএর সভাপতি জানান যে, মবক'র পতিত জমি কৃষি কাজ/মাছ চাষের জন্য উন্মুক্ত পদ্ধতিতে ইজারা প্রদান করা হলে বর্তমানে ব্যবহৃত ব্যক্তিগণের অসুবিধা হবে এবং বাহিরের লোক ইজারা পেলে মবক'র কর্মকর্তা ও কর্মচারীদের সাথে বিরোধ দেখা দিতে পারে। সভায় আলোচনা হয় যে, সিবিএ এর প্রতিনিধি, মেয়র মহোদয়সহ মবক'র চেয়ারম্যান মহোদয়ের সমন্বয়ে উল্লেখিত জায়গাসমূহ প্রদর্শন করে লীজ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।<br>আগামী ০১লা বৈশাখ হতে পতিত জমির লীজ প্রদান করতে হবে। তবে বিধি-বিধান অনুসরণ করতে কিছুটা বিলম্ব হতে পারে। সিঃওহাঃ বিভাগের মতামত নিয়ে যাবতীয় তথ্যাদিসহ চেয়ারম্যান মহোদয় বরাবর জরুরী ভিত্তিতে নথি উপস্থাপন করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) এর মতামত গ্রহণ করতে হবে।<br>উন্মুক্ত পদ্ধতিতে ইজারা প্রদান করার ক্ষেত্রে খুলনা সিটি মেয়র মহোদয়ের সাথে আলোচনার উদ্যোগ নিতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ), ব্যবস্থাপক (প্রশাসন) ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি), মোংলা |
| ৬. | ঢাকাস্থ মবক'র লিঁয়াজো অফিস কাম- রেস্ট হাউজের ফ্লাট/ফ্লোর ক্রয় সংক্রান্ত | জমি/ফ্লাট/ফ্লোর ক্রয়ের লক্ষ্যে হারবার মাস্টার এবং সিবিএ এর প্রতিনিধি কে কমিটিতে অন্তর্ভুক্ত করে অফিস আদেশ জারী করতে হবে। | হারবার মাস্টার কে কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে। কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপ-ব্যবস্থাপক (সম্পত্তি), মোংলা |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭. | লাশ বহনের জন্য গাড়ী ও কফিনের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে। | লাশ বহনের জন্য গাড়ী ও কফিনের ব্যবস্থা গ্রহণের জন্য বাজেট পাওয়া গিয়েছে। | এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী ব্যবস্থাপক (কঃ সাঃ) |
| ৮. | পারিজাতের পিছনে নদী ভাঙ্গন প্রসঙ্গে। | পানি উন্নয়ন বোর্ডের চাহিদা মোতাবেক দ্রুত লে-আউট প্রদান করতে হবে। | এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ৯. | গাড়ীর সেট-আপ সংশোধন এবং টিএন্ডডিতে অন্তর্ভুক্ত প্রসঙ্গে। | ক) সেট-আপ সংশোধন করে গাড়ি বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে পত্র প্রেরণের নিমিত্ত পত্র স্বাক্ষরের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।<br>খ) গাড়ি স্বল্পতার কারণে বন্দরের কার্যক্রমের সমস্যার সৃষ্টি হচ্ছে এ প্রেক্ষিতে সেট-আপে যে গাড়িগুলির সংস্থান রাখা আছে সেগুলোর মধ্যে ক্রয় না করা পর্যন্ত সরকারি নির্দেশনামতে আউটসোর্সিং এর মাধ্যমে গাড়ির ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়। | ক) জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>খ) সরকারি নির্দেশনামতে প্রয়োজনে আউটসোর্সিং এর মাধ্যমে গাড়ির ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১০. | শ্রমিক কল্যাণ হাসপাতালে জনবল নিয়োগ প্রসঙ্গে। | শ্রমিক কল্যাণ হাসপাতালে ডাক্তার নিয়োগ করা হয়েছে। শীঘ্রই হাসপাতালের কার্যক্রম চালু করা হবে। | আগামী সভার এজেন্ডা হতে বিষয়টি বাদ দিতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ১১. | মবক'র বন্দর আবাসিক এলাকায় শিশু পার্ক তৈরী প্রসঙ্গে। | মবক'র মালতী আবাসিক এলকায় শিশু পার্ক নির্মাণ কাজ শুরু করা হয়েছে। সিবিএ প্রতিনিধি কর্তৃক মাধবী আবাসিক এলাকায় জায়গা নির্ধারণ করা হলে শীঘ্রই কাজ শুরু করা হবে। | শিশু পার্ক নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিকল্পনা প্রধান ও প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ১২. | মবক'র পাইলটদের ইউনিফর্ম পরিধান প্রসঙ্গে। | পাইলটদের ইউনিফর্ম পরিধান সংক্রান্ত কোন খসড়া নীতিমালা পাওয়া যায়নি। | এ বিষয়ে হারবার বিভাগ কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হারবার মাস্টার |
| ১৩. | মবকতে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান প্রসঙ্গে। | গত ১৫-০৩-২০২০ তারিখে মবক'র বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২০ সম্পন্ন হয়েছে। আগামী বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২১ জানুয়ারি মাসে অনুষ্ঠিত হবার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া উপযুক্ত খেলার মাঠ প্রস্তুতের জন্য মাটি ভরাট করতে হবে। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ১৪. | মোংলা থানা, পুলিশ ফাঁড়ি, ওসি বাংলো, ইমিগ্রেশন অফিস এবং জেটি মেইন গেইট এ ব্যবহৃত মবক'র বকেয়া বিদ্যুৎ বিল প্রসঙ্গে। | আগামি দুই মাসের মধ্যে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে মোংলা থানা, পুলিশ ফাঁড়ি, ওসি বাংলো, ইমিগ্রেশন অফিস এবং জেটি মেইন গেইট এর সংশ্লিষ্ট কর্মকর্তাকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে এবং দুই মাস অতিবাহিত হবার পর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বকেয়া বিদ্যুৎ ও পানির বিল আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) এবং প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ১৫. | ঘূর্ণিঝড় বুলবুল এর আঘাতে উপড়ে পড়া গাছের সংখ্যা ও পরবর্তী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে। | ঘূর্ণিঝড় বুলবুল এর আঘাতে উপড়ে পড়া গাছগুলো বিক্রয়ের লক্ষে বন কর্মকর্তা, মোংলা গত ১৯/০৩/২০২০ তারিখে সরেজমিনে পরিদর্শন করেছে। মেরিন ও হারবার বিভাগের গাছের বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে। বন বিভাগের অনুমোদন প্রাপ্তির পর নিলাম কার্যক্রম দ্রুত সম্পন্নের জন্য আলোচনায় সিদ্ধান্ত গৃহীত হয়। | নিলাম কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৬. | ড্রেজিং মেটেরিয়াল এর হিসাব প্রসঙ্গে। | বিষয়টি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। | আগামী সভার এজেন্ডা হতে বিষয়টি বাদ দিতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) |
| ১৭. | অস্থায়ী ভিত্তিতে জমি ব্যবহারের অনুমতি প্রসঙ্গে। | মবক'র জমি অস্থায়ী ভিত্তিতে ব্যবহারের জন্য ভূমি বরাদ্দ বাছাই কমিটির মাধ্যমে অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | অস্থায়ী ভিত্তিতে জমি ব্যবহারের অনুমতি প্রদানের ক্ষেত্রে ভূমি বরাদ্দ বাছাই কমিটির সুপারিশ গ্রহণ করে নথিতে উপস্থাপন করতে হবে। | সম্পত্তি শাখা, মোংলা |
| ১৮. | মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা বিষয়ে আলোচনা | মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা চুড়ান্তকরণের বিষয়ে ইতোমধ্যে পদক্ষেপ নেওয়া হয়েছে। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ), সিবিএ এর প্রতিনিধি এবং পৌরসভার প্রতিনিধি অন্তর্ভুক্ত করে কমিটি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালার উপর বিভাগীয় প্রধানগণের মতামত গ্রহণ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৯. | সোনালী ব্যাংকের নতুন ভবন নির্মাণ ও ট্রাস্ট ব্যাংকের ATM বুথের জন্য প্রদত্ত স্থান প্রসঙ্গো। | সোনালী ব্যাংকের নতুন ভবন নির্মাণ ও ট্রাস্ট ব্যাংকের ATM বুথের স্থান নির্ধারণের জন্য সভা অনুষ্ঠিত হয়েছে। | সভার কার্যবিবরনী অনুমোদিত হলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রঃ), পরিচালক (ট্রাঃ), প্রঅহিরক, পরিঃ প্রধান ও প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ২০. | বাংলালিংক কর্পোরেট লাইনের সিমের সাথে এসএমএস ব্রড কাস্ট এর সুবিধা প্রসঙ্গো আলোচনা। | বর্তমানে বাংলালিংক কর্পোরেট লাইনের সিমের সাথে এসএমএস ব্রডকাস্ট এর সুবিধা প্রদান করা হচ্ছে। কর্পোরেট সিম ব্যবহারকারীদের এসএসএস এর মাধ্যমে সভা সম্পর্কে ম্যাসেজের মাধ্যমে অবহিত করা হয়ে থাকে। | এ বিষয়ে পরবর্তী সমন্বয় সভায় বিস্তারিত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রঃ) ও হারবার মাস্টার |
| ২১. | লেডি ডাক্তার নিয়োগ প্রসঙ্গো। | সিবিএ'র সভাপতি মহোদয় জানান যে, বন্দর হাসপাতালে কোন লেডি ডাক্তার না থাকায় আবাসিকে বসবাসরত মহিলাদের চিকিৎসা প্রদানে খুব অসুবিধা সৃষ্টি হয়। এ প্রেক্ষিতে সভার সিদ্ধান্ত অনুযায়ী মবক'র ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে সদস্য (অর্থ) মহোদয়ের সাথে আলোচনা করে দৈনিক বেতনভুক্ত/থোক বরাদ্দের মাধ্যমে একজন লেডি ডাক্তার নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অভিজ্ঞ লেডি ডাক্তারের মাধ্যমে সপ্তাহে দুই দিন মবক'র হাসপাতালে চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অবিলম্বে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সদস্য (অর্থ) এবং প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ২২. | কন্টেইনার হ্যান্ডলিং প্রকল্প এবং নিরাপত্তা বিভাগের লোক নিয়োগ প্রসঙ্গো। | নিরাপত্তা বিভাগের আবশ্যক কর্মচারী এবং কন্টেইনার হ্যান্ডলিং প্রকল্পের কর্মচারী নিয়োগের ছাড়পত্র পাবার অনুমোদনের জন্য নৌপম এ পত্র প্রেরণ করা হয়েছে। অনুমোদন পাওয়া গেলে আগামী দুই মাসের মধ্যে নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ২৩. | সাময়িকী ও ব্রোশিয়ার প্রকাশ প্রসঙ্গো। | বিষয়টি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। | আগামী সভার এজেন্ডা হতে বিষয়টি বাদ দিতে হবে। | সচিব (বোওজস) ও পরিকল্পনা প্রধান |
| ২৪. | মবক কর্তৃক আমদানিকৃত Dredger and Ancillary Craft with other Accessories এর অনুকূলে শুল্ক বিভাগের আউটপাস, বিল অব এন্ট্রি ও শিপিং এজেন্টের ডেলিভারি অর্ডার (ডিও) দাখিল প্রসংগে। | MV.HANYI, আগমন তারিখ: ০৩/০৬/২০১৫ ইং রোটেশন নং-১৯২/১৫ জাহাজ যোগে মোংলা বন্দর কর্তৃপক্ষের "Dredger and Ancillary Craft wigh other Accessories" প্রকল্পের আওতায় আমদানিকৃত ১৩৩ প্যাকেজ মালামাল ৮ নং শেডে সংরক্ষণ করা হয়। ১৩৩ প্যাকেজ মালামালের মধ্যে হতে (৩৪+৩৩)= ৬৭ প্যাকেজ মালামাল শুল্ক বিভোগর আউটপাস, বিল অব এন্টির ও শিপিং এজেন্টের ডেলিভারি অর্ডার( ডি ও ) দাখিল ব্যতীত প্রকৌশলী মতিউর রহমান কর্তৃক জেটিস্থ মেরিন ওয়ার্কশপে সংরক্ষণ করা হয়। অবশিষ্ট ৬৬ প্যাকেজ মালামালের মধ্যে ২৪ ব্যারেল তেল মোংলা কাস্টমস হাউস কর্তৃক নিলাম করা হয় এবং নিলাম ক্রেতা ২৪ ব্যারেল তেল ডেলিভারি গ্রহণ করেছে। বর্তমানে ড্রেজারের ৪২ প্যাকেজ মালামাল ০৮ নং শেডে রক্ষিত আছে যা দীর্ঘ প্রায় ৫ (পাঁচ) বছর যাবত পড়ে আছে । ডেলিভারি গ্রহণকৃত মালামালের বিপরীতে শুল্ক বিভাগের আউটপাস, বিল অব্ এন্ট্রি ও শিপিং এজেন্টের ডেলিভারি অর্ডার(ডি ও) দাখিল না করায় আলোচ্য পণ্য চালানটি মোংলা কাস্টম হাউস ও শিপিং এজেন্টের কাগজপত্রে অখালাসকৃত পণ্য হিসাবে রেকর্ডভূক্ত রয়েছে। এতে ভবিষ্যতে জটিলতা সৃষ্টি হতে পারে।<br>আমদানিকৃত ড্রেজারের অনুকূলে শুল্ক বিভাগের আউটপাশ, বিল অব এন্ট্রি ও সংশ্লিষ্ট শিপিং এজেন্টের ডেলিভারী অর্ডার (ডিও) দাখিলপূর্বক অবশিষ্ট ৪২ প্যাকেজ মালামাল জরুরীভিত্তিতে ডেলিভারি গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা জরুরীভিত্তিতে ডেলিভারি গ্রহণের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | জরুরীভিত্তিতে ডেলিভারি গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) ও পরিচালক (ট্রাফিক) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৫. | স্থায়ী বন্দর জেটি সংরক্ষিত এলাকায় মালামালের অধিকতর নিরাপত্তা নিশ্চিতকল্পে CCTV ক্যামেরা স্থাপন ও ইতোমধ্যে স্থাপিত CCTV ক্যামেরা (PTZ) সমূহে ট্রাফিক বিভাগের কর্মকর্তাদের Access প্রদান প্রসংগে। | স্থায়ী বন্দর জেটিতে আমদানিকৃত সাধারণ পণ্য ও গাড়ি বিদ্যমান ওয়্যারহাউস, ট্রানজিট শেড, কার পার্কিং ইয়ার্ড ও উন্মুক্ত চত্তরে এবং পণ্য ভর্তি কন্টেইনার ইয়ার্ডে সংরক্ষণ করা হয়। এ সকল মালামালের নিরাপত্তা বিধানের জন্য বন্দর কর্তৃপক্ষর নিরাপত্তা কর্মী ও আনসার নিয়োজিত আছে। স্থায়ী বন্দর জেটিতে রক্ষিত মালামালের অধিকতর নিরাপত্তার স্বার্থে সম্পূর্ণ জেটি এলাকা জরুরী ভিত্তিতে CCTV'র আওতায় আনা প্রয়োজন। ইতোমধ্যে কিছু কিছু জায়গায় CCTV স্থাপন করা হলেও উক্ত ক্যামেরা সমূহে (PTZ) ট্রাফিক বিভাগের কর্মকর্তাদের Access প্রদান করা হয় নি। ফলে ট্রাফিক বিভাগ কর্তৃক জেটির নিরাপত্তা ব্যবস্থা তদারকি করা সম্ভব হচ্ছে না। প্রয়োজনীয় সংখ্যক CCTV(PTZ) ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহণসহ ট্রাফিক বিভাগের কর্মকর্তাদের Access প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |
| ২৬. | ট্রাফিক বিভাগের জনবল নিয়োগ প্রসঙ্গে | পরিচালক (ট্রাফিক) জানান যে, ট্রাফিক বিভাগের অনুমোদিত সেট-আপে জনবলের সংখ্যা ৬৫০ জন। কিন্তু বর্তমানে কর্মরত আছে মাত্র ১৫২ জন যা অনুমোদিত জনবলের মাত্র ২৩.৩৮%। ৬৫০ জন জনবলের বিপরীতে ১৫২ জন কর্মকর্তাকর্মচারী দ্বারা দাপ্তরিক ও দৈনন্দিন - অপারেশনাল কার্যক্রম পরিচালনা করা খুবই দুরূহ হয়ে পড়েছে। ট্রাফিক অফিসার ও জুনিয়র আউটডোর এ্যাসিস্ট্যান্ট ট্রাফিক বিভাগের দুইটিএন্টি পদ । ট্রাফিক বিভাগের অনুমোদিত সেট-আপে ট্রাফিক অফিসারের ০৮ (আট) টি পদ রয়েছে। তন্মধ্যে বর্তমানে কর্মরত আছে মাত্র ০৩ (তিন) জন ।অবশিষ্ট ০৫ (পাঁচ) টি পদ শূন্য রয়েছে। স্মারক নং- ১৮.১৪.০১৫৮.১৮০.০০.১৩৮(৪).১৯.-১৪৮ তারিখ ১৭/০৭/২০১৯ এর মাধ্যমে ০২ (দুই) জন ট্রাফিক অফিসার নিয়োগের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়েছিল। উক্ত ০২ (দুই) জন ট্রাফিক অফিসার অদ্যাবধি নিয়োগ করা হয়নি। জনাব মোঃ ফখরুল ইসলাম, ট্রাফিক অফিসার আগামী ৩১/১২/২০২০ তারিখ পি আর এল এ গমন করবেন। এমতাবস্থায়, ট্রাফিক বিভাগের দাপ্তরিক ও অপারেশনাল কাজ সুষ্ঠভাবে পরিচালনার্থে অন্তত ০৩(তিন) জন ট্রাফিক অফিসার নিয়োগ এবং নিয়োগ প্রক্রিয়াধীন ১১৫ জন জুনিয়র আউটডোর এ্যাসিস্ট্যান্ট নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা প্রয়োজন।অন্যথায় অদূর ভবিষ্যতে ট্রাফিক ভিাগের কার্যক্রম পরিচালনায় দক্ষ জনবলের সংকট দেখা দিবে। | ট্রাফিক বিভাগের শূন্য পদে লোক নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ট্রাফিক বিভাগের যে সকল কর্মকর্তা/কর্মচারী অন্য বিভাগে কর্মরত আছে তাদেরকে পর্যায়ক্রেমে ট্রাফিক বিভাগে ফেরত দিতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২৭. | রেলওয়ের রাস্তা/ড্রেন নির্মাণ প্রসঙ্গে। | আবাসিক এলাকার পাশ দিয়ে রেলওয়ের রাস্তা/ড্রেন নির্মাণ কাজ চলার কারণে পরিবেশ দূষিত হচ্ছে বিধায় এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সিবিএ এর সভাপতি চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করেন। কমিটি গঠনের মাধ্যমে পরিদর্শনপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন । | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) ও ব্যবস্থাপক (প্রশাসন) |
| ২৮. | শূণ্যপদে জনবল নিয়োগ সংক্রান্ত প্রসঙ্গে | ক. ডিসেম্বর-২০১৮ মাসে মবক এর শূণ্য পদের সংখ্যা **১৭৬৩**টি।<br>খ. নতুন সৃষ্ট শূণ্য পদের সংখ্যা **(**ডিসেম্বর-১৮ থেকে মার্চ ২০২০ পর্যন্ত**) ০৯** টি<br>গ. ডিসেম্বর ২০১৮ থেকে মার্চ ২০২০ পর্যন্ত ছাড়পত্র পাওয়া গিয়েছে **৯৩১** টি<br>ঘ. মার্চ ২০২০ পর্যন্ত নিয়োগপত্র দেয়া হয়েছে **১৩১** টি | দ্রুত নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৯. | **মামলা সংক্রান্ত** | ক. বিভিন্ন আদালতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত মবক সংশ্লিষ্ট মামলা **১৫৯** টি<br>খ. ডিসেম্বর ১৮ থেকে মার্চ ২০২০ পর্যন্ত নতুন মামলা **১৫** টি<br>গ. ডিসেম্বর ১৮ থেকে মার্চ ২০২০ পর্যন্ত নিষ্পন্ন মামলা **২৭** টি<br>ঘ. বর্তমানে মোট অনিষ্পন্ন মামলা **১৭৪** টি | অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৩০. | **অনিষ্পন্ন তদন্ত** | ক. ডিসেম্বর ২০১৮ মাস পর্যন্ত অনিষ্পন্ন তদন্ত/কমিটির সংখ্যা **০১** টি<br>খ. নতুন অনিষ্পন্ন তদন্ত/ কমিটির সংখ্যা **০১** টি<br>গ. ডিসেম্বর ১৮ থেকে মার্চ ২০২০ পর্যন্ত নিষ্পন্ন তদন্ত/ কমিটির সংখ্যা **০৫** টি<br>ঘ. অনিষ্পন্ন তদন্ত/ কমিটির সংখ্যা (০৬ মার্চ ২০২০ পর্যন্ত) | তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য তাগিদ দিতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৩১. | বসুন্ধরার জেটি ব্যবহারের বিষয়ে ট্যারিফ আদায় প্রসঙ্গে। | বসুন্ধরার জেটি ব্যবহারের বিষয়ে ট্যারিফ আদায়ের যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্যারিফ আদায়ের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ৩২. | খুলনা ও মোংলা রেস্ট হাউজ | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য নীতিমালা প্রণয়নে কমিটি গঠন করতে হবে। | সিদ্ধান্ত মোতাবেক অবিলম্বে কমিটি গঠন করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৩৩. | অবৈধ দখলদার উচ্ছেদ | বসুন্ধরার সম্মুখে অবৈধ দোকান উচ্ছেদ করা যেতে পারে এবং বুড়ির ডাঙ্গার ব্রীজ সংলগ্ন মবক'র স্থানে অবৈধ স্থাপনা যেমন সরকার মার্কেট তৈরি, দালান তৈরি ইত্যাদি উচ্ছেদ করার বিষয়ে সদস্য (হাঃওমেঃ) সভায় আলোচনা করেন। তদপ্রেক্ষিতে সভার সিদ্ধান্ত অনুযায়ী রুটিন করে রাউন্ডে গিয়ে অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তালিকা অনুযায়ী অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে নথি উপস্থাপন করতে হবে। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা / ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৩৪. | নথি কার্যক্রম ধীরগতি | ক. ইন্টারনেটের ধীর গতির জন্য ই-নথি এবং ই-ডাক কার্যক্রম চালানো সময়সাপেক্ষ ও অসুবিধার সৃষ্টি করছে। এ সমস্যা সমাধানের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য এবং ই নথির গতি বাড়ানোর বিষয়ে মন্ত্রণালয় (এটুআই)কে পত্র প্রেরণ করতে হবে। | এ বিষয়ে দ্রুত পত্র প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৩৫. | ২৬ মার্চ ২০২০ উদযাপন প্রসঙ্গে। | মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২৬ মার্চ ২০২০ উদযাপ**নের বিষয়ে** আলোচনা হয়। | মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৩৬. | মুজিব বর্ষ ২০২০ উপলক্ষে যে সকল বোর্ড স্থাপন করা হয়েছে সে সম্পর্কে আলোচনা। | মুজিব বর্ষ উপলক্ষে যে সকল বোর্ড স্থাপন করা হয়েছে সেগুলি প্রয়োজনে নিরাপদ স্থানে সংরক্ষণের বিষয়ে আলোচনা করা । | ট্রাফিক বিভাগের স্টাফিং-আনস্টাফিং শেডে বোর্ডসমূহ সংরক্ষণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও পরিচালক (ট্রাফিক) |

সভাপতি সকলকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান এবং বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলায় সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসরণে গুরুত্ব আরোপ করেন। সভায় আর কোন আলোচ্য না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ০৪-০৪-২০২০
রিয়ার এডমিরাল শেখ মোঃ আবুল কালাম আজাদ, বিএন
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).২০- এপ্রিল ২০২০ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান:

............................................................. মবক, মোংলা।

অনুলিপি:

১। সদস্য ( ), মবক, মোংলা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

স্বাক্ষরিত/ ০৪-০৪-২০২০
মোঃ গিয়াস উদ্দিন (উপসচিব)
পরিচালক (প্রশাসন)